পরামর্শ পত্র

প্রতিবন্ধী ব্যক্তিএবং সেফগার্ডিং জার্নি

এই পরামর্শ পত্রে এমন কিছু সাধারণ নীতির রূপরেখা দেওয়া হয়েছে যা সেফগার্ডিং পদ্ধতি প্রয়োগ করার সময় এবং রিসোর্স ও সাপোর্ট হাবের রিসোর্সগুলো ব্যবহার করার সময় বিবেচনা করা উচিত। এতে কিছু নির্দিষ্ট পরামর্শও দেওয়া হয়েছে।

সাধারণ নীতি:[i]

অন্তর্ভুক্তি এবং বৈষম্যহীনতা

সেফগার্ডিং-এর লঙ্ঘন প্রতিরোধ, রিপোর্টিং এবং তার জন্য সহায়তাদানের ক্ষেত্রে প্রতিবন্ধী ব্যক্তিদের বিবেচনায় না রাখলে তাদের যৌন শোষণ, নির্যাতন এবং হয়রানির (এসইএএইচ) ঝুঁকি বৃদ্ধি পায়। প্রায়ই সেফগার্ডিং কার্যক্রমে অসচেতনভাবে প্রতিবন্ধী ব্যক্তিদের অন্তর্ভুক্ত করা হয় না, যার ফলে তারা যে নির্দিষ্ট ঝুঁকিগুলোর সম্মুখীন হন, সেগুলো প্রাথমিক পরিকল্পনায় অন্তর্ভুক্ত করা হয় না।

অতএব:

- নিশ্চিত করুন যাতে সমস্ত পরিকল্পনা প্রক্রিয়ায় প্রতিবন্ধী ব্যক্তিদের দৃষ্টিভঙ্গি অন্তর্ভুক্ত করা হয় যাতে শুরু থেকেই অন্তর্ভুক্তিমূলক সেফগার্ডিং অবিচ্ছেদ্য অংশ হয়ে ওঠে
- কর্মসূচির মূল স্টেকহোল্ডার হিসেবে সকল বয়স, জেন্ডার এবং আর্থ-সামাজিক শ্রেণির প্রতিবন্ধী ব্যক্তি এবং তাদের প্রতিনিধি প্রতিষ্ঠানগুলোর সাথে কাজ করুন।
- বহুমাত্রিকতার (ইন্টারসেকশনালিটি) প্রতি ফোকাস বৃদ্ধি করতে বৈচিত্র্যময় কর্মীদল নিয়োগের ব্যাপারে বিবেচনা করুন (উদাহরণস্বরূপ, প্রতিবন্ধী আদিবাসী নারী)।
- বহুমাত্রিক (ইন্টারসেকশনাল) পন্থাগুলিকে প্রতিফলিত করে এমন চেকলিস্ট তৈরি করুন, (উদাহরণস্বরূপ, চেকলিস্ট যাতে দৃষ্টি প্রতিবন্ধী নারী এবং শ্রবণ প্রতিবন্ধী নারী, উভয়ের ভিন্ন ভিন্ন চাহিদাগুলো প্রতিফলিত করে তা নিশ্চিত করা – যেমন- তাদের সাথে যোগাযোগের ভিন্ন পদ্ধতি)।
- কোনো কর্মশালা বা প্রশিক্ষণের আয়োজন করার সময়, তার স্থান, উপকরণ এবং পরিচালনার পদ্ধতি যাতে জেন্ডার এবং প্রতিবন্ধিতার প্রতি সংবেদনশীল, অন্তর্ভুক্তিমূলক এবং অভিগম্য হয় তা নিশ্চিত করুন।

প্রবেশগম্যতা

সেবা যদি সহজলব্ধ না হয় তাহলে ঝুঁকি বৃদ্ধি পেতে পারে। প্রতিবন্ধী ব্যক্তিদের সুস্থ ব্যক্তিদের মতো একই পদ্ধতিতে সেবা গ্রহণ করতে সমস্যা হতে পারে। এই কারণে তারা আরও ঝুঁকিপূর্ণ পরিস্থিতির সম্মুখীন হতে পারেন, উদাহরণস্বরূপ- টয়লেট ও বাথরুম ইত্যাদির ব্যাপারে বিবেচনা করুন। এসইএএইচ-এর সার্ভাইভারদের সহায়তা সেবাগুলো যদি এমন স্থান থেকে প্রদান করা হয় যেখানে প্রবেশ করা প্রতিবন্ধীদের পক্ষে কঠিন অথবা কর্মীদের মধ্যে যদি প্রতিবন্ধিতা সম্পর্কে সচেতনতার অভাব থাকে, তাহলে সেই সেবাগুলো থেকে অনিচ্ছাকৃতভাবে প্রতিবন্ধী ব্যক্তিরা বাদ পড়তে পারেন।

অভিযোগ (রিপোর্টিং) জানানোর ব্যবস্থা অন্তর্ভুক্তিমূলক না হলে অনেক মানুষ সেটা ব্যবহার করতে পারেন না, ফলে তার কার্যকারিতা হ্রাস পায়। একজন অন্ধ ব্যক্তি বা যাদের যোগাযোগ করতে এবং পড়তে সমস্যা হয়, তাদের পক্ষে অভিযোগ জানানো কঠিন হতে পারে, বিশেষ করে যদি অভিযোগ জানানোর (রিপোর্টিং) ব্যবস্থায় লেখার প্রয়োজন হয়। একইভাবে, অভিযোগ জানানোর বিকল্প ব্যবস্থা, উদাহরণস্বরূপ বধির ব্যক্তি বা বুদ্ধিবৃত্তিক প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য বিকল্প ব্যবস্থায় গোপনীয়তা এবং নিরাপত্তার অভাব থাকতে পারে - যার ফলে ঝুঁকি আরও বৃদ্ধি পেতে পারে।

অতএব:

- প্রকল্পের ডিজাইন এবং বাস্তবায়নে অংশগ্রহণ না থাকার কারণে বর্ধিত ঝুঁকিগুলো বিবেচনা করুন
- অভিযোগ জানানোর (রিপোর্টিং) একাধিক ব্যবস্থা থাকা এবং কার্যক্রমে অংশগ্রহণকারী বিভিন্ন ধরনের প্রতিবন্ধী ব্যক্তিদের সাথে সেগুলো যৌথভাবে তৈরি করা নিশ্চিত করুন।

বিভিন্ন মাধ্যম ব্যবহার করে অভিগম্য এবং অন্তর্ভুক্তিমূলক তথ্য প্রদান করা হলে, বার্তা আরও বেশি মানুষের কাছে পৌঁছতে পারে। মানুষকে তাদের অধিকারগুলো বুঝতে এমন পদ্ধতিতে সাহায্য করতে হবে, যাতে সেটা তাদের জন্য কার্যকর হয়, যেমন তারা পণ্য,, পরিষেবার বিনিময়ে যৌন মিলনে বাধ্য নয় অথবা প্রতিবন্ধী ব্যক্তিদের সুস্থ ব্যক্তিদের মতোই পরিষেবাগুলো পাওয়ার সমান অধিকার রয়েছে। একইভাবে প্রতিবন্ধী ত্রাণ কর্মী এবং উন্নয়ন কর্মীরা যাতে তাদের কাজের পরিবেশে নিরাপদ বোধ করেন তা নিশ্চিত করতে হবে এবং তাদের প্রতিষ্ঠানের পক্ষ থেকে স্পষ্ট সংকেত দিতে হবে যে যৌন হয়রানি (এবং অন্যান্য বৈষম্যমূলক আচরণ) মেনে নেওয়া হবে না। এছাড়াও তারা কোথায় অভিযোগ বা রিপোর্ট করতে পারেন এবং কোথা থেকে তাদের প্রয়োজনীয় সেবাসমূহ পেতে পারেন সেটাও তাদের অবশ্যই জানাতে হবে।

সহায়তা দানকারী প্রতিষ্ঠানগুলো যে তথ্য-প্রদান এবং সচেতনতা বৃদ্ধিমূলক কার্যক্রম পরিচালনা করে সেগুলোতে মানুষের প্রয়োজনগুলো বিবেচনায় রাখা উচিত এবং প্রতিবন্ধী ব্যক্তিরাও (যাদের শিক্ষা গ্রহণের সমান সুযোগ নেই বা যারা হয়ত দেখতে, শুনতে বা যোগাযোগ করতে পারেন না) যাতে সুস্পষ্ট তথ্য পান তা নিশ্চিত করতে হবে।

অতএব:

- এসইএএইচ সম্পর্কিত প্রচারণা এবং যোগাযোগ কার্যক্রমের ডিজাইনে প্রতিবন্ধী ব্যক্তি এবং তাদের প্রতিনিধি প্রতিষ্ঠানগুলোকে সম্পৃক্ত করার কথা বিবেচনা করুন, যাতে অংশগ্রহণের বিভিন্ন উপায়গুলোর অন্তর্ভুক্তি নিশ্চিত করা যায়
- তথ্য ও সচেতনতা বৃদ্ধি কার্যক্রমের শুরু থেকেই প্রতিবন্ধী ব্যক্তিদের সম্পৃক্ত করুন- যাতে বার্তাগুলোর উপযুক্ততা এবং গ্রহণযোগ্যতা নিশ্চিত করা যায়

জেন্ডার সমতা

জেন্ডার অসমতা এবং প্রতিবন্ধিতাজনিত বৈষম্যের প্রেক্ষাপটে, প্রতিবন্ধী নারী, কন্যা শিশু এবং কিশোর-কিশোরীরা এসইএএইচ-এর উচ্চ ঝুঁকিতে থাকে। যে ব্যক্তিরা নারী, কন্যা শিশু এবং কিশোর-কিশোরীদের শোষণ করার সুযোগ খোঁজে তারা প্রতিবন্ধী ব্যক্তিদের লক্ষ্যবস্তু করতে পারে, কারণ তারা ধরে নিতে পারে যে তাদের শোষণ করা সহজ হবে কারণ উপরে বর্ণিত বিভিন্ন কারণে তারা অভিযোগ করতে পারবেন না, অথবা তারা অভিযোগ করলেও সেগুলো গুরুত্ব সহকারে নেওয়া হবে না। নারী সদস্যরা যে সুনির্দিষ্ট সমস্যাগুলোর সম্মুখীন হন সেগুলোর বিষয়ে প্রতিবন্ধী ব্যক্তিদের এবং তাদের প্রতিনিধি প্রতিষ্ঠানের যথেষ্ট সচেতনতা নাও থাকতে পারে, এবং নারীরা নেতৃত্বের পদে না থাকলে তাদের মতামত অশ্রুত থেকে যাওয়ার সমস্যা বৃদ্ধি পায়।

অতএব:

- প্রতিবন্ধী ব্যক্তিদের এবং তাদের প্রতিনিধি প্রতিষ্ঠানকে যুক্ত করার সময়, বিভিন্ন প্রেক্ষাপটের প্রতিবন্ধী নারী, কন্যা শিশু এবং কিশোর-কিশোরীদের পাশাপাশি বিভিন্ন ধরনের প্রতিবন্ধী ব্যক্তিদের প্রতিনিধিদের অন্তর্ভুক্ত করুন।
- প্রতিবন্ধী নারী, কন্যা শিশু এবং কিশোর-কিশোরীদের ক্ষমতায়নের লক্ষ্যে পরিচালিত সকল জেন্ডার-মূলধারাকরণ (মেইনস্ট্রিমিং) এবং জেন্ডার-নির্দিষ্ট কার্যক্রমে প্রতিবন্ধী মানুষদের দৃষ্টিভঙ্গি অন্তর্ভুক্ত করুন

সেফগার্ডিং-এ প্রতিবন্ধী ব্যক্তিদের দৃষ্টিভঙ্গি অন্তর্ভুক্ত করার জন্য মূল কিছু পরামর্শ

সেফগার্ডিং জার্নির চারটি পর্যায়ে রয়েছে। যৌন শোষণ ও নির্যাতন এবং যৌন হয়রানি (এসইএএইচ) কার্যকরভাবে প্রতিরোধ এবং তাতে সাড়াদানের জন্য প্রতিষ্ঠানের সেফগার্ডিং নীতি, অনুশীলন এবং সংস্কৃতিকে শক্তিশালী করার জন্য পদক্ষেপ গ্রহণ করার ক্ষেত্রে চিন্তা করার জন্য সেফগার্ডিং জার্নির প্রতিটি পর্যায়ে প্রতিষ্ঠানগুলোর কাছে একটা প্রশ্ন উত্থাপন করা হয়:

- সেফগার্ডিং কী?
- কীভাবে সেফগার্ডিং পরিস্থিতি যাচাই এবং তা শক্তিশালী করার পরিকল্পনা করতে হয়?
- সেফগার্ডিং এর জন্য কী কী প্রয়োজন?
- যদি কোনো সমস্যা হয় তাহলে কী করতে হবে

নীচের সারণীতে প্রদত্ত মূল পরামর্শগুলোতে সব পরামর্শ অন্তর্ভুক্ত করা হয়নি তবে সেগুলো সকলের জন্য প্রাসঙ্গিক।

প্রবেশগম্যতা	সক্ষমতা	লক্ষ্য
কার্যক্রম, তথ্য, যোগাযোগ এবং অবকাঠামোর জন্য প্রতিবন্ধিতা সম্পর্কিত নিরীক্ষা পরিচালনা করার জন্য প্রতিবন্ধী ব্যক্তিদের এবং তাদের প্রতিনিধি প্রতিষ্ঠানগুলোর সাথে কাজ করুন।	**কর্মী, সহযোগী প্রতিষ্ঠান এবং অন্যান্য অংশীদারদের প্রতিবন্ধিতা সম্পর্কে জ্ঞান ও সচেতনতা গড়ে তুলুন (এর মধ্যে মনো-সামাজিক সহায়তা প্রতিষ্ঠান, পুলিশ, স্বাস্থ্য কেন্দ্র এবং শিক্ষা বিষয়ক কর্মীরা অন্তর্ভুক্ত রয়েছেন)। এসইএএইচ প্রতিরোধের জন্য ক্ষতিকারক সামাজিক প্রথা এবং ক্ষমতার ভারসাম্যহীনতার মোকাবেলা করতে যেখানে সম্ভব প্রতিবন্ধী**	**এসইএএইচ অভিযোগ এবং তদন্তের সাথে জড়িত সেই নেটওয়ার্কগুলো চিহ্নিত করুন যারা প্রতিবন্ধী ব্যক্তিদের (বিশেষ করে যাদের খুব বেশি সহায়তার প্রয়োজন রয়েছে) সহায়তা করতে পারে।**

প্রবেশগম্যতা	সক্ষমতা	লক্ষ্য
	ব্যক্তিদের প্রশিক্ষক হিসাবে নিযুক্ত করুন	
এসইএএইচ সম্পর্কে তথ্য প্রদান এবং অভিযোগ জানানোর ব্যবস্থা যাতে বিভিন্ন ফরম্যাটে এবং বিভিন্ন মাধ্যম ব্যবহার করে (যেমন রেডিও, কমিউনিটির নেতাগন, লেখা ছাড়া অন্যান্য মাধ্যম ইত্যাদি) করা যায় তা নিশ্চিত করুন।	মানুষের দৃষ্টিভঙ্গি বদলাতে এবং প্রকল্পের ডিজাইন ও বাস্তবায়নে জেন্ডার ও প্রতিবন্ধিতা সম্পর্কিত নির্দিষ্ট সমস্যাগুলো অন্তর্ভুক্ত করতে প্রতিবন্ধী ব্যক্তি এবং নারীদের নিয়োগ করতে উৎসাহিত করুন।	বিশেষভাবে সেই কর্মীদের জন্য সেফগার্ডিং সংক্রান্ত সহায়তা, পরামর্শ এবং প্রশিক্ষণের ব্যবস্থা করুন যারা তদারকি ছাড়া শিশু, নারী এবং প্রতিবন্ধী ব্যক্তিদের সাথে দীর্ঘ সময় অতিবাহিত করেন।
ভবনের নকশার কারণে যাতে প্রতিবন্ধী ব্যক্তিরা অতিরিক্ত ঝুঁকিতে না পড়েন (স্যানিটেশন সুবিধাগুলো সুগম্য হওয়া, সেগুলো লক করার ব্যবস্থা থাকা) তা নিশ্চিত করুন	গোপনীয়তা নিশ্চিত করার জন্য প্রতিবন্ধিতা সম্পর্কিত বিভিন্ন ধরনের চাহিদাগুলো বিবেচনায় রেখে গোপনীয়ভাবে অভিযোগ জানানোর (রিপোর্টিং) বিবিধ বিকল্প ব্যবস্থা তৈরি করার জন্য সকল বয়সের এবং প্রতিবন্ধী গোষ্ঠীর নারী এবং পুরুষদের যুক্ত করুন	প্রতিবন্ধী ব্যক্তিদের তাদের অধিকার, দায়িত্ব, অভিযোগ জানানোর প্রক্রিয়া সম্পর্কে সচেতন করা এবং প্রতিষ্ঠানের ভিতরে এসইএএইচ ব্যবস্থা শক্তিশালী করার জন্য প্রতিবন্ধী ব্যক্তি এবং তাদের প্রতিনিধি প্রতিষ্ঠানগুলোর পাশাপাশি অভিভাবকদের গ্রুপের সাথে কাজ করুন।
প্রতিবন্ধী ব্যক্তিদের অন্তর্ভুক্ত করা কতটা সম্ভব হয়েছে তা পরীক্ষা করার জন্য সকল সেফগার্ডিং পরিকল্পনায় অংশগ্রহণমূলক ফিডব্যাক প্রদানের ব্যবস্থা অন্তর্ভুক্ত করুন		

[i] এগুলো UNCRPD-র নীতিগুলোর সাথে সঙ্গতিপূর্ণ; যথা: সহজাত মর্যাদা, এবং সিদ্ধান্ত গ্রহণের স্বাধীনতা ও ব্যক্তি স্বাধীনতাসহ ব্যক্তির স্বাতন্ত্র্যের প্রতি শ্রদ্ধা প্রদর্শন প্রদর্শন ; বৈষম্যহীনতা; সমাজে সম্পূর্ণরূপে এবং কার্যকরভাবে অংশগ্রহণ এবং অন্তর্ভুক্তি; মানব বৈচিত্র্য এবং মানবতার অংশ হিসাবে প্রতিবন্ধী ব্যক্তিদের ভিন্নতার প্রতি শ্রদ্ধা প্রদর্শন এবং তাদের গ্রহণ করা; সুযোগের সমতা; ব্যপ্রবেশতম্যতা; নারী-পুরুষের সমতা; প্রতিবন্ধী শিশুদের পরিবর্তনশীল সক্ষমতার প্রতি শ্রদ্ধা প্রদর্শন এবং প্রতিবন্ধী শিশুদের তাদের পরিচয় সংরক্ষণের অধিকারের প্রতি শ্রদ্ধাশীলতা